দৈনিক ইত্তেফাক

তারিখ ... 21 DEC 2016 ...
পৃষ্ঠা ২০ ... কলাম ... ৬ ...

# অন্য প্রতিষ্ঠান থেকে স্কুল পরীক্ষার প্রশ্নপত্র কেনায় নিষেধাজ্ঞা

## শিক্ষার্থীদের রাস্তায় দাঁড় করানো যাবে না

■ ইত্তেফাক রিপোর্ট

অন্য প্রতিষ্ঠান থেকে পরীক্ষার প্রশ্নপত্র আর ক্রয় করা যাবে না। নিজ নিজ স্কুলের প্রশ্নপত্র শিক্ষকদের করার নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। গতকাল মঙ্গলবার মন্ত্রণালয় ২০১৭ শিক্ষাবর্ষের ছুটির তালিকা এবং শিক্ষাপঞ্জি অনুমোদন সংক্রান্ত বিজ্ঞপ্তিতে এসব তথ্য জুড়ে দেয়।

সৃজনশীল প্রশ্ন পদ্ধতি প্রণয়নের ৬ বছর পেরিয়ে গেলেও অধিকাংশ শিক্ষক সৃজনশীল প্রশ্ন পদ্ধতিই বোঝেন না বলে অভিযোগ আছে। এ কারণে এসব শিক্ষক নোট-গাইড থেকে প্রশ্ন তুলে দেন। আবার কোনো কোনো শিক্ষক অন্য স্কুলের প্রশ্ন ধার কিংবা কিনে নেন। এমন শিক্ষকের সংখ্যা বরিশাল অঞ্চলে ৯২ ভাগ। সরকারি হিসেবে সারাদেশে এ সংখ্যা ৪৫ ভাগ। আর শিক্ষক নেতাদের হিসেবে এই সংখ্যা প্রায় ৮০ ভাগ।

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের একাডেমিক সুপারভিশন প্রতিবেদনের তথ্য তুলে ধরে গণমাধ্যমে প্রতিবেদন প্রকাশ করা হলে সৃজনশীল প্রশ্ন পদ্ধতির বিষয়ে শিক্ষকদের দক্ষতা নিয়ে প্রশ্ন ওঠে। এ কারণেই বাইরে থেকে প্রশ্ন না ক্রয় করার নির্দেশ দিয়েছে মন্ত্রণালয়।

ছুটির তালিকা ও শিক্ষাপঞ্জি: ছুটির

পৃষ্ঠা ২ কলাম ৬

## অন্য প্রতিষ্ঠান থেকে

২০ পৃষ্ঠার পর

তালিকা ও শিক্ষাপঞ্জিতে উল্লেখ করা হয়, আগামী শিক্ষাবর্ষে সরকারি-বেসরকারি মাধ্যমিক ও নিম্ন-মাধ্যমিক বিদ্যালয়ে সাপ্তাহিক বন্ধ ছাড়া মোট ছুটি ৮৫ দিন। এতে বলা হয়েছে, ৬ জুলাই থেকে ২২ জুলাইয়ের মধ্যে অর্ধ-বার্ষিক বা প্রাক-নির্বাচনী পরীক্ষা নিতে হবে। ফল প্রকাশ করতে হবে ৫ আগস্ট। ১১ অক্টোবর থেকে ২৮ অক্টোবরের মধ্যে নির্বাচনী পরীক্ষা নিয়ে ৫ নভেম্বর ফল প্রকাশ করতে হবে। এছাড়া ২৮ নভেম্বর থেকে ১৩ ডিসেম্বরের মধ্যে বার্ষিক পরীক্ষা নিতে হবে। ফল প্রকাশ করতে হবে ৩১ ডিসেম্বর।

এতে আরও বলা হয়েছে, কোনো সরকারি কর্মকর্তার পরিদর্শন উপলক্ষে বিদ্যালয় ছুটি দেওয়া যাবে না। কাউকে সংবর্ধনা দিতে বা পরিদর্শন উপলক্ষে শিক্ষার্থীদের ক্লাস বন্ধ করা যাবে না। সংবর্ধিত বা পরিদর্শনকারী ব্যক্তির প্রতি সম্মান দেখানোর জন্য শিক্ষার্থীদের রাস্তায় দাঁড় করানো যাবে না।